

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং ৫৮.০৪.০০০০.০৩২.১৪.০৮০.২০২৪- ২৯৮

তারিখঃ ০৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৫ এ কারা বিভাগের উৎপাদিত পণ্যসামগ্রী প্রদর্শনী ও বিক্রয়ের লক্ষ্যে মানসম্মত, টেকসই ও দৃষ্টিনন্দন দ্রব্যসামগ্রী তৈরি ও সরবরাহকরণ

আসন্ন ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৫ এ অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। দেশ-বিদেশের দর্শক-ক্রেতাদের ব্যাপক চাহিদার প্রেক্ষিতে এবং সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৫ এ কারা পণ্যের ব্যাপক প্রচার ও বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য মেলার মূল ফটকের সন্নিহিত দৃশ্যমান স্থানে একটি প্যাভিলিয়ন বরাদ্দের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উক্ত বাণিজ্য মেলায় মানসম্মত, টেকসই, দৃষ্টিনন্দন ও আকর্ষণীয় পণ্য/দ্রব্যসামগ্রীর ব্যাপক সমাগমের ব্যবস্থা করতে হবে।

২। এমতাবস্থায়, কারা শিল্পে উৎপাদিত পণ্যের ব্যাপক প্রচার ও প্রসারের লক্ষ্যে আপনার বিভাগস্থ কারাগারসমূহের উৎপাদন বিভাগে বন্দি কর্তৃক উৎপাদিত পণ্য/দ্রব্যসামগ্রীর উৎপাদন ব্যাপকহারে বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করতঃ উৎপাদিত পণ্য/দ্রব্যসামগ্রী আন্তর্জাতিক বাণিজ্য মেলায় উপস্থাপনের উদ্দেশ্যে কাশিমপুর কারা কমপ্লেক্সে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, আন্তর্জাতিক বাণিজ্য মেলা মাসব্যাপী অনুষ্ঠিত হয়ে থাকে বিধায় পণ্যের চাহিদা বৃদ্ধি পেতে পারে। সে বিবেচনায় উৎপাদন অব্যাহত রাখার জন্য এবং স্বল্প সময়ের মধ্যে বাণিজ্য মেলায় পণ্য সামগ্রী সরবরাহ/প্রেরণে কারা কর্তৃপক্ষকে প্রস্তুত থাকার নির্দেশ দিতেও অনুরোধ করা হলো।



মোঃ জান্নাত-উল-ফরহাদ
সহকারী কারা মহাপরিদর্শক(উন্নয়ন)
পক্ষে কারা মহাপরিদর্শক।
☎-৫৭৩০০৫১৩ (দপ্তর)

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

অনুলিপি

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

২। প্রশাসনিক কর্মকর্তা-১, কারা অধিদপ্তর, ঢাকা।